

BGM/2024/C&M/11410

Date: 10-10-2024

Subject: Weaver/Solution regarding fire rating of steel structures.

Dear Honorable Members,

Number of factories are suffering for a long time regarding the above issue. Persuasion from BGMEA, Ministry of Housing and Public Works has issued a letter to BGMEA sloving the problem.

The letter is attached for your kind information and necessary action.

Best regards,



Khandoker Rafiqul Islam
President, BGMEA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-২
www.mohpw.gov.bd

বিষয়: পোশাক শিল্প কারখানার জন্য BNBC-2006 এর আলোকে Steel Structure-এর Fire Resistance Rating সংক্রান্ত সমস্যা নিরসন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ হামিদুর রহমান খান, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
তারিখ	:	২৪.০৯.২০২১ খ্রিষ্টাব্দ।
সময়	:	বেলা: ০২.৩০ মিনিট।
স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৫, কক্ষ নং-২০৪)।
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি সকল সম্মানিত সদস্যকে সভায় স্বাগত জানান এবং আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-২) কে অনুরোধ জানান। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-২) উপস্থিত সকলকে অবহিত করেন যে, নভেম্বর, ২০১৩ থেকে ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত স্টীল দ্বারা নির্মিত ভবনগুলোকে BNBC-2006 এর পরিবর্তে NTPA 2013 অথবা BNBC-2020 এর আলোকে Structural Element এর Fire Resistance Rating প্রদানে ছাড় দেওয়ার বিষয়ে সরকারি অনুমতিপত্র প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে মতামত প্রদানের জন্য মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর সভাপতি, বিজিএমইএ হতে আবেদন দাখিল করা হয়েছে।

১.২ গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোঃ ইমদাদুল হক, নির্বাহী প্রকৌশলী পোশাক শিল্প কারখানার জন্য নভেম্বর ২০১৩ থেকে ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত Steel দ্বারা নির্মিত Structure এর বিষয়ে BNBC এর আলোকে Fire Resistance Rating এর যৌক্তিকতার বিষয়ে সভায় জানান যে, ভবন নির্মাণের ক্ষেত্রে নির্মাণকালীন সময়ে বিদ্যমান বিল্ডিং কোড সার্বিকভাবে প্রযোজ্য হয়। ফলে বর্ণিত সময়কালের মধ্যে নির্মিত ভবনের জন্য BNBC-2006 এর বিধিবিধান প্রযোজ্য ছিল। BNBC-2020 এর প্রকাশিত হওয়ার পর বিদ্যমান ভবনের জন্য BNBC-2020 এর Part-3, Chapter-1, Section-4 এর বিধি প্রযোজ্য হবে। তবে, BNBC-2020 এর আলোকে Steel ভবন এর ক্ষেত্রে Structural Safety সহ কোডের আনুসঙ্গিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে Part-1, Chapter-1, 2 & 3 অনুযায়ী অনধিক একতলা ও ৮.০ মিটার উচ্চতা পর্যন্ত এবং শর্তযুক্ত ভাবে অনধিক তিন তলা অথবা ১১.০ মিটার উচ্চতা পর্যন্ত Structural Element এর Fire Resistance Rating প্রদানের কোন আবশ্যিকতা নেই। উক্ত সভায় তিনি বিএনবিসি-২০০৬ এবং বিএনবিসি-২০২০ এর মধ্যে বিবেচ্য বিষয়ে নিয়োক্তভাবে মতামত প্রকাশ করেন:

CODE	BNBC-2006	BNBC-2020
Comments	Garments building (occupancy G2) is subjected to Type-1 or Type-2 permitted type of construction. Steel Structure without a fire-resistance rating is not permitted.	Garments building (occupancy G2) is subjected to Group I or II permitted type of construction. Steel Structure without fire resistance rating is permitted.
Comments	Minimum fire resistance Rating for Type-2. Column-2.00 hours, beam & slab- 1.50 hours, roof structural element varies with the height. (h<5m-1.5hr, 5m<h<7m-1.0hr, h>7m-0.5hr)	The minimum fire resistance Rating for column, beam, slab & roof structure elements is 0.0 hour (Type-IE)

১.৩ এইচবিআরআই এর প্রতিনিধি জনাব মোহাম্মাদ পারভেজ খাদেম, প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার সভায় জানান যে, পোশাক শিল্প কারখানার জন্য নভেম্বর ২০১৩ থেকে ফেব্রুয়ারি ২০২১ পর্যন্ত Steel দ্বারা নির্মিত Structure এর ক্ষেত্রে তৎকালীন বিদ্যমান বিল্ডিং কোড অর্থাৎ বিএনবিসি-২০০৬ প্রযোজ্য থাকলেও বিএনবিসি-২০২০ প্রকাশিত হওয়ার পর বিদ্যমান ভবনের জন্য বিএনবিসি-২০২০ এর ভলিউম-১, চ্যাপ্টার-১, সেকশন-৪ এর বিধি প্রযোজ্য। বিএনবিসি-২০২০ এর ভলিউম-১, চ্যাপ্টার-১ এ 'Unprotected' কে সংজ্ঞায়িত করা হয়েছে 'The element that shall have no prerequisites of fire protection rating'. একই চ্যাপ্টারে টেবিল ৩.১.২ তে Type I-E Construction Type কে Unprotected হিসাবে দেখানো হয়েছে এবং টেবিল ৩.১.৭ এর নোটে বলা হয়েছে যে, 'For all protected construction Types I-E of Group I, Type II-C and Type II-E of Group II the maximum allowable storey and height shall be of one storey and 8m respectively'. একই চ্যাপ্টারের ১.৯.২.৪ ধারায় বলা হয়েছে 'for Type I-D and I-E of Group I construction and all types of Group II constructions, the maximum permissible height of the building shall be 3 storeys or 11m for values of two times the sum of the width of the front road and front open space not less than 13.6m'.

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)

উপরোক্ত শর্তানুযায়ী অনধিক ৩(তিন) তলা পর্যন্ত অথবা ১১ মিটার উচ্চতা পর্যন্ত ভবনের ক্ষেত্রে Structural Safety সহ বিএনবিসি এর আনুষঙ্গিক বিধান প্রতিপালন সাপেক্ষে Structural Element এর Fire Resistance Rating প্রদানের কোন আবশ্যিকতা নেই বলে এইচবিআরআই অভিমত পোষণ করে।


১.৪ বিজিএমইএ-এর প্রতিনিধি ইঞ্জিনিয়ার মোঃ আল-ইমরান হোসেন সভায় জানান যে, BNBC-2006 এর আলোকে Steel Structure-এর Fire Resistance Rating প্রদানের কার্যক্রম সমূহ অত্যন্ত ব্যয়বহুল। কোভিড পরবর্তী পোষাক শিল্প কারখানার মালিকেরা বিভিন্ন প্রতিকূলতার মধ্য দিয়ে ব্যবসা পরিচালনা করে আসছেন। পোষাক শিল্প কারখানার মালিকদের এই কঠিন ব্যয় মোকাবেলা করা প্রায় অসম্ভব এবং অপরদিকে দেশের Code Compliance না করলে পোষাক শিল্প কারখানার মালিকেরা International Buyer হারাবে। এই উভয় সংকটে অনেক কারখানা বন্ধ হয়ে যাওয়ার উপক্রম। সেক্ষেত্রে, বিজিএমইএ-এর প্রস্তাবনা হলো নভেম্বর, ২০১৩ থেকে ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত স্টীল দ্বারা নির্মিত ভবনগুলোকে BNBC-2006 এর পরিবর্তে NTPA, 2013 অথবা BNBC-2020 এর আলোকে Structural Element এর Fire Resistance Rating প্রদানে ছাড় দেওয়ার বিষয়ে সরকারি অনুমতিপত্র প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবি জানান।

১.৫ সাধারণভাবে ভবন নির্মাণের ক্ষেত্রে নির্মাণকালীন সময়ে বিদ্যমান বিল্ডিং কোড সার্বিকভাবে প্রযোজ্য হয়। ফলে বর্ণিত সময়কালের মধ্যে নির্মিত ভবনের জন্য BNBC-2006 এর বিধিবিধান প্রযোজ্য ছিল। কিন্তু BNBC-2020 এর প্রকাশিত হওয়ার পর বিদ্যমান ভবনের জন্য BNBC-2020 এর Part-1, Chapter-1, Section-4 এর বিধি প্রযোজ্য হবে। তবে, BNBC-2020 এর আলোকে Steel ভবন এর ক্ষেত্রে Structural Safety সহ কোডের আনুষঙ্গিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে Part-3, Chapter-1, 2 & 3 অনুযায়ী অনধিক একতলা ও ৮.০ মিটার উচ্চতা পর্যন্ত এবং শর্তযুক্ত ভাবে অনধিক তিন তলা অথবা ১১.০ মিটার উচ্চতা পর্যন্ত Structural Element এর Fire Resistance Rating প্রদানের কোন আবশ্যিকতা নেই মর্মে সভায় একমত পোষণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১.৬ সাধারণভাবে ভবন নির্মাণের ক্ষেত্রে নির্মাণকালীন সময়ে বিদ্যমান বিল্ডিং কোড সার্বিকভাবে প্রযোজ্য হয়। ফলে নভেম্বর, ২০১৩ থেকে BNBC-2020 প্রকাশের সময়কালের মধ্যে নির্মিত ভবনের জন্য BNBC-2006 এর বিধিবিধান প্রযোজ্য ছিল। কিন্তু BNBC-2020 এর প্রকাশিত হওয়ার পর বিদ্যমান ভবনের জন্য BNBC-2020 এর Part-1, Chapter-1, Section-4 এর বিধি প্রযোজ্য হবে। তবে, BNBC-2020 এর আলোকে Steel ভবন এর ক্ষেত্রে Structural Safety সহ কোডের আনুষঙ্গিক বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে Part-3, Chapter-1, 2 & 3 অনুযায়ী অনধিক একতলা ও ৮.০ মিটার উচ্চতা পর্যন্ত এবং শর্তযুক্ত ভাবে অনধিক তিন তলা অথবা ১১.০ মিটার উচ্চতা পর্যন্ত Structural Element এর Fire Resistance Rating প্রদানের কোন আবশ্যিকতা নেই মর্মে বিজিএমইএ এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যেতে পারে।


সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ হামিদুর রহমান খান)
সচিব
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৪

নম্বর: ২৫.০০.০০০০.০১৪.০০.০০১.০৯-০৩৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
- ৫। মহাপরিচালক, এইচবিআরআই, দারুস সালাম, মিরপুর, ঢাকা।
- ৬। সভাপতি, বিজিএমইএ, উত্তরা, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।


০৮/০৯/২০২৪
নায়লা আহমেদ
যুগ্মসচিব